

শিক্ষার্থী সপ্তাহ

গত ২ জানুয়ারি থেকে ৮ জানুয়ারি পর্যন্ত 'শিক্ষার্থী সপ্তাহ' উদযাপিত হল শান্তিপুর কলেজে। প্রথম দিন বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা দিয়ে অনুষ্ঠান শুরু হয়। শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতালের চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা ছিলেন। শতাধিক মানুষ এই শিবিরে অংশ নেন। উপস্থিত ছিলেন কলেজের পরিচালন সমিতির সভাপতি বিধায়ক ব্রজকিশোর গোস্বামী, অধ্যক্ষ সঞ্জীব কুমার পাকিরা। কলেজের এন.এস.এস. ইউনিটের ভারপ্রাপ্ত অধ্যাপক অনিবার্ণ ভট্টাচার্যের পরিচালনায় সপ্তাহব্যাপী অনুষ্ঠানের মধ্যে ছিল বৃক্ষরোপণ, ক্যাম্পাস সাফাই, কুইজ প্রতিযোগিতা ইত্যাদি। শেষ তিন দিন শান্তিপুর এলাকার বিভিন্ন স্কুলের একাদশ ও দ্বাদশ শ্রেণির প্রায় ২০০ ছাত্রছাত্রীকে নিয়ে উচ্চশিক্ষা, ভবিষ্যৎ ও কর্মসংস্থান বিষয়ক একটি সচেতনতা ও পাঠদান প্রকল্প, যার নাম ছিল 'ভবিষ্যতের আলো।' জ্যোতির্ময় গুহ সমগ্র অনুষ্ঠান সঞ্চালনা করেন।